

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পররাষ্ট্র মন্ত্রণালয়

ঢাকা

নং-১৯.২২.০০০৭.০০৫.০৩.০০১.১৪- ৮৭২

২০ নভেম্বর ২০১৭

প্রেরক : দয়াময়ী চক্রবর্তী  
সহকারী সচিব (দক্ষিণ-পূর্ব এশিয়া)  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

প্রাপক : মির্জা মুনীরা সুলতানা  
যুগ্ম সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয় : মির্জা মুনীরা সুলতানা, অতিরিক্ত সচিব, যুগ্ম সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর অনুকূলে মাননীয় পররাষ্ট্র মন্ত্রীর সফর সঙ্গী হিসেবে মিয়ানমার সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন

মহোদয়,


নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে আগামী ২২-২৩ নভেম্বর ২০১৭ তারিখে মিয়ানমার হতে বাংলাদেশে আশ্রয়গ্রহণকারী জোরপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের প্রত্যাভাসন বিষয়ে মিয়ানমার পররাষ্ট্র মন্ত্রীর সাথে আলোচনার উদ্দেশ্যে মাননীয় পররাষ্ট্র মন্ত্রী মিয়ানমার সফর করবেন। উক্ত সফরের সফরসঙ্গী হিসেবে মির্জা মুনীরা সুলতানা, অতিরিক্ত সচিব, যুগ্ম সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর মিয়ানমার সফরের সরকারি অনুমোদন জ্ঞাপন করছে।

০২। উক্ত সফরের জন্য আগামী ২১ নভেম্বর ২০১৭ বা তার নিকটবর্তী তারিখে আপনি ঢাকা ত্যাগ করবেন এবং ২৪ নভেম্বর ২০১৭ বা তার নিকটবর্তী তারিখে ঢাকায় প্রত্যাবর্তন করবেন।

০৩। আলোচ্য সফরের সমুদয় ব্যয় স্ব স্ব মন্ত্রণালয়/সংস্থা ২০১৭-২০১৮ অর্থবছরের বাজেটের সংশ্লিষ্ট খাত হতে বহন করা হবে।

০৪। উক্ত সফরকালীন সময় সরকারি কাজে কর্তব্যরত আছেন হিসেবে গণ্য হবে।

০৫। এই ভ্রমণে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

  
- ২০.১১.১৭

(দয়াময়ী চক্রবর্তী)

সহকারী সচিব (দক্ষিণ-পূর্ব এশিয়া)

ফোনঃ ৯৫৬৯৩৭৪

ই-মেইলঃ sea@mofa.gov.bd

নং-১৯.২২.০০০৭.০০৫.০৩.০০১.১৪-

২০ নভেম্বর ২০১৭

অনুলিপিঃ সদয় অবগতি/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৪। সহকারী সচিব, আইসিটি, পররাষ্ট্র মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। বাংলাদেশ দূতাবাস, মিয়ানমার।
- ৬। অফিস কপি।

(দয়াময়ী চক্রবর্তী)

সহকারী সচিব (দক্ষিণ-পূর্ব এশিয়া)